দৈনিক ইনকিলাব

তারিখ 01 FEB 1997
পৃষ্ঠা ৮ কলাম ১

৩

### হাল আমলে শিক্ষাকে অগ্রাধিকারের নমুনা

# সারাদেশে মাধ্যমিক বিদ্যালয়ের কয়েক হাজার শিক্ষক-কর্মচারী ১০ মাস বেতন পাচ্ছেন না

মুন্সীগঞ্জ, ৩১ জানুয়ারী (জেলা সংবাদদাতা) ঃ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে সৃষ্ট পদে নিয়োগকৃত শিক্ষক - কর্মচারীরা দীর্ঘ ১০ মাস যাবৎ সরকারী বেতন-ভাতা পাচ্ছেন না। ফলে শিক্ষক-কর্মচারীরা মানবেতর জীবন যাপন করছেন। দেশের বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পেলে প্রয়োজনানুসারে নতুন শাখা খোলা হয়। এ ব্যাপারে জেলা শিক্ষা অফিসারের তদন্ত রিপোর্ট সাপেক্ষে শিক্ষা মন্ত্রণালয় ঐ সকল শাখার জন্য সৃষ্ট পদে শিক্ষক নিয়োগের অনুমোদন প্রদান করেন। গতবছর এমনভাবে দেশের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়গুলোতে সৃষ্ট পদে কয়েক হাজার শিক্ষক নিয়োগ করা হয়। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর হতে সৃষ্ট পদে এবং শূন্যপদে গিয়োগকৃত শিক্ষকদের সরকারী বেতন-ভাতা বন্ধ করে দেয়। পরবর্তীতে শূন্য পদে নিয়োগকৃত শিক্ষকদের অনুদান নভেম্বর মাসে প্রদান করা হয়। কিন্তু সৃষ্ট পদে নিয়োগকৃত শিক্ষক ও কর্মচারীদের বেতন ও ভাতাদি অদ্যাবধি প্রদান করা হচ্ছে না। এসব শিক্ষকের বিদ্যালয় থেকে দেয়া ৪ /৫শ' টাকা দিয়ে জীবন-সংসার চালাতে হচ্ছে। কয়েকমাস পূর্বে বিভিন্ন বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলোতে সৃষ্ট পদে নিয়োগ বৈধ কি-না তা তদন্ত করা হয়। এর পরেও বৈধ নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীদের সরকারী বেতন ও ভাতা প্রদান করা হচ্ছে না। দীর্ঘদিন সরকারী বেতন ও ভাতা না পাওয়ায় অনেক বিদ্যালয় থেকে শিক্ষক ও কর্মচারী অন্যত্র চলে গেছেন। এর ফলে ঐ সব বিদ্যালয়ে লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। অভিজ্ঞ মহলের অভিমত, বৈধ প্রয়োজনুসারে যে সকল বিদ্যালয়ে পদ সৃষ্ট করে শিক্ষক নিয়োগ করা হয়েছে সেসব শিক্ষক-কর্মচারীদের সরকারী বেতন ও ভাতা প্রদানের সিদ্ধান্ত নিতে হবে। তা না হলে দেশের মফস্বল এলাকার বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলো বিভিন্ন সমস্যায় পড়বে।